

৭। অসাংবিধানিক পন্থায় রাষ্ট্রীয় ক্ষমতা দখলকারীদের শাস্তি  
(প্রস্তাবিত নতুন অনুচ্ছেদ ৭ক)

সুপারিশ :

৭। সংবিধানের নতুন অনুচ্ছেদ ৭ক এর সন্নিবেশ।—সংবিধানের অনুচ্ছেদ ৭ এর পর নিম্নরূপ নতুন অনুচ্ছেদ ৭ক সন্নিবেশিত হইবে, যথা :

“৭ক। সংবিধান বাতিল, স্থগিতকরণ ইত্যাদি অপরাধ।—(১) কোন ব্যক্তি শক্তি প্রদর্শন বা শক্তি প্রয়োগের মাধ্যমে বা অন্য কোন অসাংবিধানিক পন্থায়—

(ক) এই সংবিধান বা ইহার কোন অনুচ্ছেদ রদ, বাতিল বা স্থগিত করিলে কিংবা উহা করিবার জন্য উদ্যোগ গ্রহণ বা ষড়যন্ত্র করিলে; কিংবা

(খ) এই সংবিধান বা ইহার কোন বিধানের প্রতি নাগরিকের আস্থা, বিশ্বাস বা প্রত্যয় পরাহত করিলে কিংবা উহা করিবার জন্য উদ্যোগ গ্রহণ বা ষড়যন্ত্র করিলে—

তাহার এই কার্য রাষ্ট্রদ্রোহিতা হইবে এবং ঐ ব্যক্তি রাষ্ট্রদ্রোহিতার অপরাধে দোষী হইবে।

(২) কোন ব্যক্তি—

(ক) দফা (১) এ বর্ণিত কোন কার্য করিতে সহায়তা কিংবা সহযোগিতা করিলে ; কিংবা

(খ) দফা (১) এ বর্ণিত কার্য অনুমোদন, মার্জনা, সমর্থন বা অনুসমর্থন করিলে—

তাহার এই কার্যও একই অপরাধ হইবে।

(৩) এই অনুচ্ছেদে বর্ণিত অপরাধে দোষী ব্যক্তি সংসদের আইন দ্বারা অন্যান্য অপরাধের জন্য নির্ধারিত দণ্ডের মধ্যে সর্বোচ্চ দণ্ডে দণ্ডিত হইবে।”।

৮। সংবিধানের মৌলিক কাঠামো সংক্রান্ত বিধানাবলী সংশোধন অযোগ্য করা  
(প্রস্তাবিত নতুন অনুচ্ছেদ ৭খ)

সুপারিশ :

৮। সংবিধানের নতুন অনুচ্ছেদ ৭খ এর সন্নিবেশ।—সংবিধানের নতুন অনুচ্ছেদ ৭ক এর পর নিম্নরূপ অনুচ্ছেদ ৭খ সন্নিবেশিত হইবে, যথা :

“৭খ। সংবিধানের মৌলিক বিধানাবলী সংশোধন অ-যোগ্য।—এই সংবিধানের ১৪২ অনুচ্ছেদে যাহা কিছুই থাকুক না কেন, সংবিধানের প্রস্তাবনা, প্রথম ভাগের সকল অনুচ্ছেদ, দ্বিতীয় ভাগের সকল অনুচ্ছেদ, নবম-ক ভাগে বর্ণিত অনুচ্ছেদসমূহের বিধানাবলী সাপেক্ষে তৃতীয় ভাগের সকল অনুচ্ছেদ এবং একাদশ ভাগের অনুচ্ছেদ ১৫০সহ সংবিধানের অন্যান্য মৌলিক কাঠামো সংক্রান্ত অনুচ্ছেদসমূহের বিধানাবলী সংযোজন, পরিবর্তন, প্রতিস্থাপন, রহিতকরণ কিংবা অন্য কোন পন্থায় সংশোধনের অ-যোগ্য হইবে।”।

৯। রাষ্ট্রীয় মূলনীতি  
(অনুচ্ছেদ ৮)

সুপারিশ :

৯। সংবিধানের অনুচ্ছেদ ৮ এর সংশোধন।—সংবিধানের অনুচ্ছেদ ৮ এর দফা (১) ও (১ক) এর পরিবর্তে নিম্নরূপ দফা (১) প্রতিস্থাপিত হইবে, যথা :

“(১) জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতা এই নীতিসমূহ এবং তৎসহ এই নীতিসমূহ হইতে উদ্ভূত এই ভাগে বর্ণিত অন্যসকল নীতি রাষ্ট্র পরিচালনার মূলনীতি বলিয়া পরিগণিত হইবে।”।